# এনডিপি বার্তা

জুলাই-সেপ্টেম্বর, ২০২২ । সংখ্যা ৩৩ । বর্ষ ১৪


## সূ চি প ত্র


- ৩১তম বার্ষিক সাধারণ সভা ১
- মা ও শিশু সহায়তা কর্মসূচির অরিয়েন্টেশন,
- জাতীয় শোক দিবসে আলোচনা সভা ও দোয়া মাহফিল,
- আরএমটিপি প্রকল্প ও বেঙ্গল মিটের সমঝোতা,
- উচ্চ ফলনশীল সবজি চাষে কাজ করছে এমফোরসি প্রকল্প ২
- দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষাবৃত্তি প্রদান-২০২২,
- আলোকিত গ্রামে মুরগীর বাচ্চা ও ছাগল বিতরণ,
- ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের 'এক্সচেঞ্জ ভিজিট',
- ব্রাজ প্রকল্পের মাশরুম চাষ ও বীজ উৎপাদনের প্রশিক্ষণ ৩
- 'ইলেকট্রিক্যাল হাউস ওয়্যারিং প্রশিক্ষণ' এর উদ্বোধন,
- পাবনায় সিইএমবি প্রকল্পের অরিয়েন্টেশন,
- আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস-২০২২,
- এক নজরে এনডিপি'র ঋণ সহায়তা কার্যক্রমের অগ্রগতি ৪
- এমআরএ প্রতিনিধি কর্তৃক এনডিপি'র কার্যক্রম পরিদর্শন,
- স্বাস্থ্যসেবা সহকারীদের সাইন্টিফিক সেমিনার,
- এসইপি (তাঁত) প্রকল্পের দিন ব্যাপী কর্মশালা,
- লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রামের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ৫
- হিউম্যান রাইটস ডিফেন্ডার নেটওয়ার্কিংয়ের ত্রৈমাসিক সভা,
- বিডি বীফ ও গোট প্রোগ্রামের অবহিতকরণ সভা,
- ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন প্রকল্পের SDT প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন,
- জুলাই-সেপ্টেম্বর ২০২২ প্রকল্প শুরু বা শেষ এর সংক্ষিপ্ত বিবরণ ৬
- নবাগত পুলিশ সুপারকে নির্বাহী পরিচালকের শুভেচ্ছা,
- আত্মরক্ষামূলক প্রশিক্ষণ গ্রহণকারীদের পদক অর্জন,
- জাতীয় শোক দিবসে ফ্রি স্বাস্থ্য ক্যাম্প,
- এসইপি-ডেইরী প্রকল্পের গবাদী প্রাণির টিকাদান কর্মসূচী ৭
- মৌসুমী বন্যায় আগাম সাড়াদান প্রকল্প-২০২২ ৮


## সম্পাদনা পরিষদ


**সম্পাদক ঃ**

মোঃ আলাউদ্দিন খান
নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**

মোঃ আতিকুর রহমান
ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

মোঃ জানাফার ইসলাম
সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

**প্রকাশনায় ঃ**

রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)


## ৩১তম বার্ষিক সাধারণ সভা




*বক্তব্য দিচ্ছেন সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান*

২৩ জুলাই ২০২২ জাতীয় পর্যায়ের বেসরকারি স্বেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)'র ৩১তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। এনডিপি'র প্রধান কার্যালয় সংলগ্ন প্রশিক্ষণ কেন্দ্রের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সাধারণ সভার শুরুতেই বিগত এক বছরে এনডিপি পরিবারের দুজন প্রয়াত সদস্যদের শ্রদ্ধায় এক মিনিট নিরবতা পালন করা হয়। পরে তাদের বিদেহী আত্মার মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়। করোনা পরিস্থিতি বিদ্যমান থাকায় ঝুঁকি এড়াতে স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে ৩১তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

সংস্থার কার্যনির্বাহী কমিটির সম্মানিত চেয়ারপারসন আলেয়া আকতার বানু'র সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন সংস্থার কার্যনির্বাহী কমিটির সাধারণ সম্পাদক, এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এসময় চেয়ারপারসন বলেন, আগামী বছর এনডিপি বিশ্ব খাদ্য কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নের মধ্যদিয়ে দেশের ৮ বিভাগে সংস্থার কার্যক্রম পরিচালনা করতে যাচ্ছে জেনে সত্যি খুব আনন্দিত হলাম। তিনি এনডিপি'র ধারাবাহিক সাফল্য ও ক্রমবিস্তৃতির জন্য সংস্থার সকল পর্যায়ের কর্মকর্তাদের ধন্যবাদ জানান। সভায় স্বাগত বক্তব্যে নির্বাহী পরিচালক বলেন, এনডিপি দিন দিন কাংখিত লক্ষ্যের দিকে এগিয়ে যাচ্ছে। উন্নয়ন সংস্থা হিসেবে এনডিপি'র কাছে দরিদ্র জনগোষ্ঠীর প্রত্যাশা বেড়ে গেছে। এনডিপি সেই প্রত্যাশা পূরণে সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছে যার ফলশ্রুতিতে দেশের ৮ বিভাগে এনডিপি কর্মবিস্তৃতির সক্ষমতা অর্জন করেছে। তিনি আরও বলেন; এনডিপি আজকে যে অবস্থানে এসেছে এর পিছনে এনডিপির কার্যনির্বাহী কমিটি, সাধারণ পরিষদ ও সংস্থার কর্মকর্তাদের অবদান অসামান্য।

সাধারণ সভায় গত ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন এবং সংশোধিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন ও ২০২২-২৩ অর্থ বছরের প্রস্তাবিত বার্ষিক কর্ম-পরিকল্পনা এবং বাজেট পর্যালোচনা ও অনুমোদিত হয়। একইসাথে আগামী অর্থ-বছরের জন্য ১ হাজার ৭০ কোটি টাকার বাজেট এর পাশাপাশি ৪৪টি প্রকল্প ও কর্মসূচি অনুমোদন করা হয়। এসময় সংস্থার নির্বাহী পরিষদ, সাধারণ পরিষদের সদস্যসহ সংস্থার কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এনডিপি বার্তা
জুলাই-সেপ্টেম্বর, ২০২২ । সংখ্যা ৩৩ । বর্ষ ১৪

## মা ও শিশু সহায়তা কর্মসূচির অরিয়েন্টেশন



*দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করছেন সংস্থার নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান*

দেশের ৮ বিভাগে বাস্তবায়িত মা ও শিশু সহায়তা কর্মসূচি'র দুই দিনব্যাপি অরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। বিশ্ব খাদ্য কর্মসূচির কারিগরি সহযোগিতায় এবং বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক দেশের ৮টি বিভাগের ৮টি জেলার ৮টি উপজেলায় প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। এতে কৌশলগত সহায়তা প্রদান করবে দেশের অন্যতম বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।

২০-২১ সেপ্টেম্বর, সংস্থার প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে অরিয়েন্টেশন প্রোগ্রামের আয়োজন করা হয়। মূলত কর্মসূচির লক্ষ্য, উদ্দেশ্য ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে সকলকে অবগত করার লক্ষ্যে এ উদ্যোগ গ্রহণ করা হয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে আয়োজিত অরিয়েন্টেশন অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন মহিলা বিষয়ক অধিদপ্তর এর কর্মসূচি পরিচালক (মা ও শিশু বিষয়ক কর্মসূচি) রুবিনা গনি। এসময় তিনি কর্মসূচি পরিচালনায় সার্বিক সহযোগিতার পাশাপাশি গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন। একইসাথে বৃহৎ আকারে কর্মসূচি বাস্তবায়নের জন্য সংস্থার নির্বাহী পরিচালককে ধন্যবাদ জানান।

এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ব খাদ্য কর্মসূচি'র সিনিয়র প্রোগ্রাম অফিসার কাকলী চক্রবর্তী ও প্রোগ্রাম অফিসার মো. মামুনুর রশিদ। এছাড়াও প্রকল্পের ফোকাল পাসন ও এনডিপি'র পরিচালক (পিআরএম) ড. এবিএম সাজ্জাদ হোসেন, কর্মসূচি ব্যবস্থাপক ডাঃ সুমাইয়া শবনমসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## জাতীয় শোক দিবসে আলোচনা সভা ও দোয়া মাহফিল

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সর্বকালের শ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদৎ বার্ষিকী এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা ও ১৫ আগস্টের সকল শহীদদের স্মরণে মাসব্যপি এ উদ্যোগ নেয়া হয়।

১৩ আগস্ট ২০২২ এনডিপি'র কনফারেন্স হলে অনুষ্ঠিত দোয়া ও আলোচনা সভার সভাপতিত্ব করেন এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। এসময় নির্বাহী পরিচালক মহোদয় বলেন, ''দেশিয় দোসরদের যোগসাজশে এবং আন্তর্জাতিক চক্রান্তের কারণে জাতির পিতাকে স্ব-পরিবারে হত্যা করা হয়। একইসাথে হত্যা পরিবর্তী সময়ে স্বাধীন দেশে খুনীদের শাস্তি চাওয়া যাবে না বলে তৎকালীন শাসকগণ নির্দেশনা প্রদান করেন এবং হত্যাকারীদের বিভিন্ন দেশে পুনর্বাসন করা হয় যা জাতির জন্য লজ্জাজনক।'' তিনি শাহাদৎ বরণকারী সকলের আত্মার শান্তি কামনা করেন।

আলোচনা সভায় উপস্থিত থেকে বঙ্গবন্ধুর জীবন আদর্শ ও তার পরিবারের অন্যান্য সদস্যদের নিয়ে স্মৃতিচারণমূলক আলোচনা করেন এনডিপি বাস্তবায়িত সিইএমবি প্রকল্পের বিভাগীয় প্রধান সাব্বির আহমেদ। এছাড়াও নিজের পরিবারের উদাহরণ দিয়ে সৈসবের সেই যুদ্ধকালীন সময়ের স্মৃতিচারণ করেন সংস্থার পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ। সেইসাথে শোকাবহ আগস্টকে ঘিরে ফ্রি স্বাস্থ্য ক্যাম্প, সংস্থার সকল শাখা অফিসে শোক দিবসের ব্যানার, কালো ব্যাচ পরিধান ও মাসব্যাপি বৃক্ষরোপন কর্মসূচি গ্রহণ করা হয়েছে বলে উপস্থিত সকলকে অবগত করেন। আলোচনা পরবর্তীতে শহীদদের জন্য দোয়া পরিচালনা করেন এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল। সভায় সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাসহ এনডিপি বাস্তবায়িত সকল প্রকল্পের ব্যবস্থাপক/সমন্বয়কারী উপস্থিত ছিলেন।



*আলোচনা সভা ও দোয়া মাহফিলে উপস্থিত আছেন সংস্থার নির্বাহী পরিচালক, পরিচালকবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ*

## আরএমটিপি প্রকল্প ও বেঙ্গল মিটের সমঝোতা

রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ ট্রান্সফর্মেশন প্রজেক্ট (আরএমটিপি) ও বেঙ্গল মিট ইন্ডাস্ট্রিজ লিঃ এর মাঝে সমঝোতা স্মারক স্বাক্ষরতা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। "বেঙ্গল মিটের মতো




*বেঙ্গল মিট এর সাথে এনডিপি-আরএমটিপি'র সমঝোতা*

প্রাতিষ্ঠানিক ক্রেতার সাথে এ ধরনের চুক্তি ভিত্তিক খামারায়ন খামারীদের নিরাপদ মাংস উৎপাদন, বিক্রয় ও আয় বৃদ্ধিতে তথা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে কার্যকরী সহায়ক ভূমিকা রাখবে"-বলে ধারনা করেন সংস্থার পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল। ২৭ সেপ্টেম্বর, ২০২২ পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত আরআমটিপি প্রকল্পের উপ-প্রকল্পের উদ্যোগে আয়োজিত এনডিপি'র প্রধান কার্যালয়ে তিনি এ কথা বলেন। এসময় বেঙ্গল মিট ইন্ডাস্ট্রিজ লিঃ এর জেনারেল ম্যানেজার কৃষান্তা বিজয় সুরিয়া ও সোর্সিং ম্যানেজার মোঃ ইমরুল কায়েস উপস্থিত ছিলেন।

ভ্যালুচেইন ফ্যাসিলিটেটর (নিরাপদ মাংসের বাজার উন্নয়ন) মোঃ শাহাদত হোসেন এর সঞ্চালনায় প্রকল্পের কর্মযজ্ঞ ও চুক্তি ভিত্তিক খামারায়ন কার্যক্রম সম্প্রসারণের উদ্দেশ্যে বেঙ্গল মিট ও এনডিপি আরএমটিপি-র যৌথভাবে কাজ করার ক্ষেত্রসমূহের বিষয়ে সম্যক ধারনা প্রদান করেন প্রকল্প ব্যবস্থাপক কৃষিবিদ মোঃ নজরুল ইসলাম। অতপর বেঙ্গল মিট ইন্ডাস্ট্রিজ লিঃ এর পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন জেনারেল ম্যানেজার কৃষান্তা বিজয় সুরিয়া এবং এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর পক্ষে স্বাক্ষর করেন পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল। এসময় বেঙ্গল মিটের জেনারেল ম্যানেজার বলেন, "বেঙ্গল মিটের কার্যক্রম ও রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফর্মেশন প্রজেক্টের কার্যক্রমে বেশ মিল রয়েছে। উভয়েই নিরাপদ মাংস উৎপাদনে কাজ করছে। যা ভবিষ্যতে দেশে খামারীদের নিরাপদ খামারায়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে।"

অনুষ্ঠানে অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন, বেঙ্গল মিটের চিকিৎসক মোঃ হারুনুর রশিদ, এলএসপি মোঃ জাহিদ এবং এনডিপি আরএমটিপি প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## উচ্চ ফলনশীল সবজি চাষ সম্প্রসারনে কাজ করছে এমফোরসি প্রকল্প

দাতা সংস্থা সুইচ কন্ট্যাক্ট এর অর্থায়নে এনডিপি কর্তৃক বাস্তবায়িত এমফোরসি প্রকল্প জামালপুর জেলার চরাঞ্চলে বিভিন্ন ধরনের উচ্চ ফলনশীল সবজি চাষ সম্প্রসারনে কাজ করছে। এই সম্প্রসারণ কার্যক্রমে দেশের সুনামধন্য বীজ কোম্পানী "এআরমালিক সীডস" এর সাথে পার্টনারশীপ তৈরি করে জাপান থেকে আমদানীকৃত সাকাতা কোম্পানীর উচ্চ ফলনশীল বিভিন্ন সবজি বীজ সহজলভ্য করার জন্য চরাঞ্চলে বীজের বাজার সম্প্রসারণ নেটওর্য়াক তৈরি ও উৎপাদিত সবজির স্থায়িত্বশীল বাজার গড়ে তোলার লক্ষ্যে কাজ করছে।

পাশাপাশি কৃষকদের সচেতনতা বৃদ্ধি ও বাজার তৈরিতে এমফোরসি প্রকল্প নানামূখী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করছে যেমন: মোবাইল সীড ভেন্ডর তৈরি, কৃষক প্রশিক্ষণ, প্রর্দশনী তৈরি, মাঠ দিবস, ভিডিও শো, ক্যাম্পেইনসহ সরেজমিনে কৃষকদের নিয়ে স্পট মিটিং করছে। ফলে চরাঞ্চলের কৃষিজীবি পরিবার গুলো আধুনিক পদ্ধতি অনুসরণ ও উচ্চ ফলনশীল বীজ ব্যবহার করে শশা, করলা, মুলা, বেগুন, ফুলকপি, টমেটোসহ বিভিন্ন ধরনের সবজি বানিজ্যিকভাবে চাষাবাদ করছে এবং চরাঞ্চলের কৃষকগণ একদিকে যেমন অধিক ফলন পাচ্ছে তেমনি উচ্চ বাজার মূল্যে উৎপাদিত সবজি বিক্রয়ের সুযোগ লাভ করায় অধিক মুনাফা অর্জন করতে সক্ষম হচ্ছে। কর্মসুচীটি বাস্তবায়নের কারনেই প্রকল্পের কর্ম এলাকায় বিভিন্ন উচ্চ ফলশীল সবজি উৎপাদন ক্লাস্টার গড়ে উঠছে যা চরাঞ্চলে নতুন নতুন কর্মসংস্থান তৈরি ও মানুষের পুষ্টি চাহিদা পূরণসহ জীবনমান উন্নয়নে ভূমিকা রাখছে। চলতি মৌসুমে ১০৫০টি পরিবার এই প্রকল্পের আওতায় প্রায় ৪৯৫ বীঘা জমিতে উচ্চ ফলশীল সবজি চাষাবাদ করছে।



*মাচা পদ্ধতিতে উচ্চ ফলনশীল করলা চাষ*

## দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষাবৃত্তি প্রদান-২০২২

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর স্বঅর্থায়নে পরিচালিত শিক্ষা সহায়তা কর্মসূচির অধীনে অতি দরিদ্র ও মেধাবী ছাত্র/ছাত্রীদের মাঝে শিক্ষাবৃত্তি প্রদান-২০২২ সম্পন্ন হয়েছে। সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয় এর শহীদ শামসুদ্দিন সম্মেলন কক্ষে অনুষ্ঠিত শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ। তিনি শিক্ষার্থীদের নিকট শিক্ষাবৃত্তির চেক হস্তান্তর করেন এবং সামাজিক উন্নয়নের পাশাপাশি শিক্ষা খাতেও অগ্রনী ভূমিকা পালন করার জন্য এনডিপিকে ধন্যবাদ জনান। অনুষ্ঠানে এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ মনির হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ আমিনুল ইসলাম ও জেলা শিক্ষা অফিসের সহকারী পরিদর্শক মোছাঃ মাকসুদা পারভিন। এসময় নির্বাহী পরিচালক বলেন; এনডিপি তার নিজস্ব অর্থায়নে (সিএসআর ফান্ড) কয়েকটি প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করছে। যারমধ্যে শিক্ষা সহায়তা কর্মসূচি অন্যতম। কর্মসূচির আওতায় ৩০টি শিক্ষা চর্চা কেন্দ্র এবং ইসিসিডি কেন্দ্র এর মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। কেন্দ্র গুলো নিয়মিতভাবে এনডিপির নিয়োগকৃত শিক্ষিকা দ্বারা পরিচালিত হচ্ছে। তাছাড়া প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নের জন্য সিরাজগঞ্জ সদর উপজেলার কান্দাপাড়া গ্রামে একটি শিশু স্বর্গ শিক্ষা কেন্দ্র রয়েছে। সেখানে শারীরিক প্রতিবন্ধীসহ বিভিন্ন ধরনের প্রতিবন্ধিতার স্বীকার ২০ জন শিশু পড়ালেখা করছে। এই কেন্দ্রে পড়া লেখার পাশাপাশি শারীরিক ও মানসিক ভাবে উন্নতি করার জন্য থেরাপী প্রদান করা হয়।

অনুষ্ঠানে পিকেএসএফ এর সহযোগিতায় এইচএসসি প্রথম বর্ষে অধ্যয়নরত ২০ জন ছাত্র/ছাত্রী এবং এইচএসসি দ্বিতীয় বর্ষে অধ্যয়নরত ১৪ জন ছাত্রীর প্রত্যেকে ১২,০০০/- (বার হাজার) টাকার চেক প্রদান করা হয়। এছাড়াও বঙ্গবন্ধু শতবর্ষ উপলক্ষ্যে ১০ জন দরিদ্র ও মেধাবী ছাত্র/ ছাত্রীকে উচ্চ শিক্ষাবৃত্তি হিসেবে প্রতিমাসে ৩০০০/- পিএসসি পাশ ২৪ জনকে প্রতি মাসে ৩০০/- জেএসসি পাশ ৫ জনকে প্রতিমাসে ৫০০/- এসএসসি পাশ ৫৪ জনকে প্রতিমাসে ১০০০/- টাকা করে প্রদান করা হচ্ছে। এনডিপি এর উপ-পরিচালক (এমএন্ডই) ও শিক্ষা সহায়তা কর্মসূচির ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামান এর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ, এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির সহকারী ব্যবস্থাপক শিপন চন্দ্র নাগসহ ছাত্র/ছাত্রীর অভিভাবকগণ।



*শিক্ষাবৃত্তির চেক তুলে দিচ্ছেন জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ*

## আলোকিত গ্রামে মুরগীর বাচ্চা ও ছাগল বিতরণ



*মুরগীর বাচ্চা ও ছাগল তুলে দিচ্ছেন সংস্থার উপ-পরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খান*

নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত আলোকিত গ্রাম কর্মসূচিটি কামারখন্দ উপজেলার ঝাঐল ইউনিয়নের চারটি গ্রামে (বাগবাড়ী, লাহিড়ী বাড়ী, বালুকোল ও চর বড়ধুল) ২ আগস্ট ২০১৭ সাল থেকে বাস্তবায়িত হচ্ছে। এর-ই ধারাবাহিকতায় ২৪ জুলাই ২০২২ তারিখে কর্মসূচির আওতাভূক্ত অতি দরিদ্র পরিবারের মাঝে মুরগীর বাচ্চা ও ছাগল বিতরণ করা হয়। ২৫টি পরিবারের মাঝে ৫৬টি করে মোট ১৪০০টি দেশী মুরগীর বাচ্চা এবং ১৫টি পরিবারের মাঝে ১টি করে ছাগল বিতরণের পাশাপাশি প্রত্যেক পরিবারকে ১ দিনের মুরগী ও ছাগল পালনের প্রশিক্ষণ প্রদান করা হয়। উপকারভোগী পরিবারের মাঝে মুরগীর বাচ্চা ও ছাগল তুলে দেন উপ-পরিচালক (কার্যক্রম) আবু নাইম মো. জুবায়ের খান। এসময় তিনি প্রশিক্ষণ থেকে প্রাপ্ত জ্ঞানকে বাস্তবে কাজে লাগানোর জন্য উপকারভোগীদের প্রতি আহবান জানান। একইসাথে এরুপ আইজিএ সঠিকভাবে কাজে লাগিয়ে জীবন যাত্রার মান উন্নয়ন করবেন বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন। এসময় কর্মসূচির সিনিয়ন প্রোগ্রাম অফিসার মোঃ ফজল করিম বলেন, আলোকিত গ্রাম কর্মসূচির ধারাবাহিক এমন কার্যক্রম ভবিষ্যতেও অব্যহত থাকবে।

## ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের ‘এক্সচেঞ্জ ভিজিট’

গ্রীণ ক্লাইমেট ফান্ড (জিসিএফ) এর অর্থায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সার্বিক সহযোগিতায় Extended Community Climate Change Project-Flood (ECCCP-Flood) প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলার ০৪ টি (রমনা, চিলমারী, নয়ারহাট ও অষ্টমীরচর) ইউনিয়নে এবং চর রাজিবপুর উপজেলার ০১ টি (কোদালকাটি) ইউনিয়নে প্রকল্প বাস্তবায়ন করছে দেশের অন্যতম স্বেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।

বন্যাপ্রবণ জনগোষ্ঠীর বন্যা মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধিকরণে প্রকল্পটি নিয়মিতভাবে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। এর-ই ধারাবাহিকতায় ৩১ আগস্ট ২০২২ প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাগুলোর মধ্যে পারস্পারিক অভিজ্ঞতা বিনিময়ের জন্য “এক্সচেঞ্জ ভিজিট” অনুষ্ঠিত হয়। এতে স্বতস্ফুর্তভাবে অংশগ্রহণ করেন গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে) ও সেল্ফ হেল্ফ এন্ড রিহেবিলিটিশন প্রোগ্রাম (শার্প) এর ১০ জন কর্মকর্তা ও জলবায়ু পরিবর্তন অভিযোজন দলের ৩০ জন সদস্য বিশিষ্ট একটি পরিদর্শক দল। অনুষ্ঠানে অংশগ্রহণকারী সকলেই এনডিপি বাস্তবায়িত ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন। বন্যা পূর্ববর্তী সময়ে পরিদর্শনকালে বন্যাপূর্ব প্রস্তুতি, বন্যাকালীন অভিযোজন কার্যক্রম ও বন্যা পরবর্তী পুনর্বাসন উদ্যোগ সরাসরি পর্যবেক্ষণ করেন। পরিদর্শন পরবর্তীতে ভিজিটে অংশগ্রহণকারী এবং প্রকল্পের উপকারভোগীদের সাথে বাস্তব অভিজ্ঞতা বিনিময় করেন একইসাথে বাস্তবায়িত সকল কার্যক্রমের প্রশংসা করেন।



*প্রকল্পের আওতাভুক্ত উপকারভোগীদের নিয়ে এক্সচেঞ্জ ভিজিট এর অংশ বিশেষ*

## ব্রাজ প্রকল্পের মাশরুম চাষ ও বীজ উৎপাদনের প্রশিক্ষণ




*বক্তব্য দিচ্ছেন রাণীগঞ্জ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ মঞ্জুরুল ইসলাম মঞ্জু।*

কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির আর্থিক ও বিশ্ব খাদ্য কর্মসূচির কারিগরী সহায়তায় Building Resilience to Achieve Zero Hunger (BRAZH) প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। কুড়িগ্রাম জেলার চিলমারী ও উলিপুর উপজেলাধীন সাহেবের আলগা অষ্টমীর চর ও রাণীগঞ্জ ইউনিয়নে মে, ২০২১ হতে কার্যক্রম বাস্তবায়ন করছে দেশের অন্যতম বেসরকারী সেচ্ছাসেবী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। প্রকল্পের বহুমুখী কার্যক্রমের অংশ হিসেবে ২৫ থেকে ২৭ আগস্ট, ২০২২ রাণীগঞ্জ ইউনিয়নে তিনদিন ব্যপি মাশরুম চাষ ও বীজ উৎপাদন বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করে। এতে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় মাশরুম উন্নয়ন ও সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক ও মাশরুম বিশেষজ্ঞ ডাঃ আক্তার জাহান কাকন এবং সহযোগী প্রশিক্ষকের ভূমিকা পালন করেন ব্রাজ প্রকল্পের বিজনেস ডেভেলপমেন্ট অফিসার মোঃ আবদুস ছালাম সরকার। তিনদিনের প্রশিক্ষণে প্রত্যন্ত অঞ্চলে মাশরুম চাষ, বীজ উৎপাদন ও বাজারজাতকরণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

প্রশিক্ষণ অনুষ্ঠানের উদ্বোধন করেন, রাণীগঞ্জ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ মঞ্জুরুল ইসলাম মঞ্জু। স্বাগত বক্তব্যে তিনি এ জাতীয় প্রশিক্ষণ আয়োজন করার জন্য প্রকল্পের কর্মকর্তাদের ধন্যবাদসহ দাতা সংস্থাকে অভিনন্দন জানান। একইসাথে এরুপ প্রশিক্ষণ নিয়ে অংশগ্রহনকারীগণ যেন মাশরুম ব্যবসাকে পুজি করে আত্মনিভরশীল হতে পারে সেই প্রত্যাশা ব্যক্ত করেন।

অনুষ্ঠানে বিশ্ব খাদ্য কর্মসূচির (ডব্লিউএফপি)'র রংপুর প্রতিনিধি সাদেক আলী, এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান ও প্রকল্পের ফিল্ড কো-অর্ডিনেটর কামরুল আহসানসহ অন্যন্য কর্মকর্তাবৃন্দ উপস্থিতি ছিলেন। প্রশিক্ষণ শেষে অংশগ্রহনকারীদের মধ্যে সনদ বিতরণ করেন প্রশিক্ষক ডাঃ আক্তার জাহান কাকন।

## ‘ইলেকট্রিক্যাল হাউস ওয়্যারিং প্রশিক্ষণ’ এর উদ্বোধন



প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে কামারখন্দ উপজেলার নির্বাহী অফিসার মোছাঃ মেরিনা সুলতানা।

''প্রশিক্ষণ নিন, নিজের কর্ম-সংস্থান নিজেই তৈরি করুন'' প্রতিপাদ্যকে সামনে রেখে ০২মাস মেয়াদী ‘ইলেকট্রিক্যাল হাউস ওয়্যারিং’ প্রশিক্ষণের আয়োজন করা হয়। এনডিপি’র সদ্য প্রতিষ্ঠিত তাঁত প্রশিক্ষণ কেন্দ্রে “দক্ষতাবৃদ্ধি প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি” (ইসিএসটি) প্রকল্পের আওতায় প্রশিক্ষণটি প্রদান করা হবে। সংস্থার নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান এর সভাপতিত্বে প্রশিক্ষণের শুভ উদ্বোধন ঘোষণা করেন কামারখন্দ উপজেলার নির্বাহী অফিসার মোছাঃ মেরিনা সুলতানা। এসময় তিনি ট্রেড ভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের জন্য এনডিপিকে ধন্যবাদ জানান এবং ট্রেডের সংখ্যা ও পরিধি বৃদ্ধির জন্য সংস্থার নির্বাহী পরিষদের দৃষ্টি আর্কষণ করেন। এনডিপি’র প্রশিক্ষণ বিভাগের ব্যবস্থাপক মো. সাখাওয়াত হোসেন খান এর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলার সমাজসেবা কর্মকর্তা মো. সবুজ আলী। তিনি বহিঃ বিশ্বের উন্নত দেশগুলোর উদাহরণ দিয়ে বলেন, বাংলাদেশের অধিক জনসংখ্যাকে জনশক্তিতে রুপান্তর করতে আত্ব কর্ম-সংস্থানের কোন বিকল্প হতে পারে না। আর আত্ব কর্ম-সংস্থান তৈরিতে প্রশিক্ষণের ভূমিকা অপরিসীম। ০৩ জুলাই হতে শুরু করে ০২ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত ০২ মাস মেয়াদী প্রশিক্ষণে মোট ৫০টি ক্লাস গ্রহণ করা হবে এবং ১ম ব্যাচে ২০ জন ছাত্রকে এ প্রশিক্ষণ প্রদান করা হবে। ব্যবস্থাপক (প্রশিক্ষণ) মো. সাখাওয়াত হোসেন খান জানান, এনডিপি’র নিজস্ব তাঁত প্রশিক্ষণ কেন্দ্রে ক্লাসরুম প্রশিক্ষণের পাশাপাশি বাস্তব শিক্ষার জন্য বিভিন্ন প্রতিষ্ঠানে অনুশীলন ও এক্সপোজার ভিজিটের পরিকল্পনা রয়েছে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের “জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ” অনুমোদিত দক্ষতার সনদ প্রদান করা হবে একইসাথে স্ব-কর্মসংস্থানের জন্য কেউ উদ্যোগী হতে চাইলে তাকে মূলধন প্রাপ্তীর ক্ষেত্রে সহযোগিতা করা হবে বলে তিনি উপস্থিত সকলকে অবগত করেন।

## পাবনায় সিইএমবি প্রকল্পের অরিয়েন্টেশন

Combating Early Marriage in Bangladesh (CEMB) প্রকল্পের ১ দিনের অরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। ১২ সেপ্টেম্বর, পাবনা জেলার ব্র্যাক লার্নিং সেন্টারে ইয়থ গ্রুপ ও সিএসও লিডারদের দিন ব্যাপী বাল্যবিবাহ নিরোধ আইন, জেন্ডার সমতা ও শিশু অধিকার ও সুরক্ষা বিষয়ক অরিয়েন্টেশন প্রদান করা হয়। এনডিপি’র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান এর উপস্থিতিতে অরিয়েন্টেশন সেশন পরিচালনা করেন সিইএমবি প্রকল্পের বিভাগীয় ব্যবস্থাপক সাব্বির আহমেদ। সেশন পরবর্তীতে সকলের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন সংস্থার নির্বাহী পরিচালক মহোদয়। এসময় পাবনা জেলার উন্নয়ন সংস্থা প্রোগ্রাম ফর কমিউনিটি ডেভেলপমেন্ট (পিসিডি) এর নির্বাহী পরিচালক মো. শফিকুল আলম ও বিশিষ্ট সিএসও লিডার আঃ মতিন খানসহ ইয়থ গ্রুপের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য প্ল্যান ইন্টাঃ বাংলাদেশ এর অর্থায়নে এনডিপি পাবনা ও জয়পুরহাট জেলায় প্রকল্পটি বাস্তবায়ন করছে।



অরিয়েন্টেশন অনুষ্ঠানে উপস্থিত আছেন এনডিপি’র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

## আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস-২০২২




স্বাক্ষরতা দিবস উপলক্ষ্যে র‌্যালির শুভ উদ্বোধন করেন রায়গঞ্জ উপজেলা নির্বাহী অফিসার তৃপ্তি কণা মন্ডল।

গণসারতা অভিযান এর আয়োজনে আশা প্রকল্পের সহযোগিতায় আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস-২০২২ উদযাপন করা হয়েছে। ৮ সেপ্টেম্বর, দিবসটি উপলক্ষ্যে র‌্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলা পরিষদ প্রাঙ্গণে আয়োজিত র‌্যালির শুভ উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা তৃপ্তি কণা মন্ডল। র‌্যালি পরবর্তীতে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। এতে উপজেলা নির্বাহী অফিসার এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান নিস্কৃতি দাস। এসময় তিনি শিক্ষার মান বৃদ্ধিকল্পে এই কার্যক্রমটি গুরত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন এবং বাস্তবায়নকারী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কে ধন্যবাদ জানান। সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন পাঙ্গাসী এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি ও পাঙ্গাসী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ জাকির হোসেন সরকার। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা কর্মকর্তা মোঃ আপেল মাহমুদ ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ ইলিয়াস হাসান শেখ। এছাড়াও সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তাগণ, পাঙ্গাসী ও ধানগড়া এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি ও সদস্য, উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারীগণ, সাংবাদিক এবং ধানগড়া মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ ছাত্রীবৃন্দ আলোচনা সভায় অংশগ্রহণ করেন।

## এক নজরে এনডিপি’র ঋণ সহায়তা কার্যক্রমের অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগি সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি ১৯৯২ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। কর্মসূচিটি এনডিপি নিজস্ব ও পিকেএসএফ এর অর্থায়নে ৯৬টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এনডিপি কর্তৃক অর্জিত কর্মসূচিটির বর্তমান চিত্র নিচের ছকে তুলে ধরা হলো;

| ক্রঃ নং | বিবরণ | সেপ্টেম্বর’ ২০২২ | ক্রঃ নং | বিবরণ | সেপ্টেম্বর’ ২০২২ | ক্রঃ নং | বিবরণ | সেপ্টেম্বর’ ২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | শাখার সংখ্যা | ৯৬ | ৯ | মোট বকেয়া (কোটি টাকায়) | ৭.৮৩ | ১৭ | কর্মী ঃ ঋণী সদস্য | ১:২২৬ |
| ২ | মোট সদস্য জন | ১,১৯,৮৮০ | ১০ | ঋণ আদায়ের হার | ৯৯.৭৭% | ১৮ | সমিতি ঃ সদস্য | ১:১৫ |
| ৩ | ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়) | ৩৮১৬.৯৬ | ১১ | On Time Realization ( OTR) | ৯৯.০১% | ১৯ | সমিতি ঃ ঋণী সদস্য | ১:১২ |
| ৪ | ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়) | ৩৩৯৭.১৭ | ১২ | Liquidity Ratio | ১০.৪১% | ২০ | কর্মীঃ ঋণ স্থিতি (লাখ টাকায়) | ১:১০০.৬৭ |
| ৫ | ঋণ স্থিতি (কোটি টাকায়) | ৪১৯.৭৯ | ১৩ | Port folio At Risk | ২.৩২% | ২১ | কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়) | ১:২৮.৪১ |
| ৬ | সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়) | ১১৮.৪৮ | ১৪ | Delinquent Ratio | ১.৮৬% | ২২ | ষ্টাফ ঃ ঋণী সদস্য | ১:১২১ |
| ৭ | ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়) | ১৭৪.৯৯ | ১৫ | Debt : Equity | ১.৬৬:১ | | | |
| ৮ | ঋণী কভারেজ | ৭৮.৬৬% | ১৬ | কর্মী ঃ সদস্য | ১:২৮৭ | | | |

## এমআরএ প্রতিনিধি কর্তৃক এনডিপি'র কার্যক্রম পরিদর্শন


বাংলাদেশ সরকারের আর্থিক ডিভিশন এর আওতাধীন ক্ষুদ্র ঋণ পরিচালনাকারী সংস্থা সমূহের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর প্রতিনিধি দল এনডিপি'র কার্যক্রম পরিদর্শন সম্পন্ন করেছেন। 'এমআরএ' এর উপ পরিচালক মুহাম্মদ শহিদুল ইসলাম এর নেতৃত্বে ০৬ ও ০৭ সেপ্টেম্বর, দুদিন ব্যাপি কার্যক্রম পরিদর্শন করেন প্রতিনিধি দল। এসময় তারা এনডিপি কর্তৃক বাস্তবায়িত ঋণ সহায়তা কর্মসূচি, পিকেএসএফ এর অর্থায়নে বাস্তবায়িত সমন্বিত কৃষি ইউনিট এবং নিজস্ব অর্থায়নে (সিএসআর ফান্ড) পরিচালিত প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচি ও শিক্ষা সহায়তা কর্মসূচির কার্যক্রম পরিদর্শন করেন। প্রতিনিধি দল বাস্তবায়িত কর্মসূচির আওতাভূক্ত উপকারভোগীদের সঙ্গে মত বিনিময় করেন এবং সন্তুষ্টি প্রকাশ করেন। একইসাথে বাস্তবায়িত কার্যক্রম সম্প্রসারন এবং এমআরএর বিধিমালা যথাযথভাবে প্রতিপালনের পরামর্শ দেন। মূলত ক্ষুদ্র ঋণ সেক্টরের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে বাস্তবায়িত কর্মসূচিসমূহ পর্যবেক্ষণ করেন।

কার্যক্রম পরিদর্শনের পাশাপাশি এমআরএ প্রতিনিধি দল সংস্থার নির্বাহী পরিষদের সাথে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। নির্বাহী পরিষদের সাধারণ সম্পাদক ও এনডিপি'র নির্বাহী নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান এর উপস্থিতিতে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে সংস্থার কার্যক্রম উপস্থাপন করেন এনডিপি'র পরিচালক (পিআরএম) ড. এবিএম সাজ্জাদ হোসেন। এতে সভাপতিত্ব করেন সংস্থার নির্বাহী পরিষদের সভাপতি আলেয়া আকতার বানু। এসময় প্রতিনিধি দলের সিনিয়র সহকারী পরিচালক মো. ফকরুজ্জামানসহ এনডিপি'র নির্বাহী পরিষদের সদস্য ও সংস্থার পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।



*এমআরএ প্রতিনিধি দলের সাথে এনডিপি'র নির্বাহী পরিষদের সদস্যবৃন্দ।*

## স্বাস্থ্যসেবা সহকারীদের সাইন্টিফিক সেমিনার




*সাইন্টিফিক সেমিনারে বক্তব্য প্রদান করছেন সংস্থার উপ-পরিচালক আবু নাইম মো. জুবায়ের খান।*

স্কয়ার ফার্মা লিমিটেড এর উদ্যোগে বেনিফিট অফ কোরাল ক্যালসিয়াম শীর্ষক সাইন্টিফিক সেমিনার অনুষ্ঠিত হয়। বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা এনডিপি'র এর তত্ত্বাবধানে সিরাজগঞ্জ জেলার এসএস রোডে অবস্থিত নর্থ টাউন রেস্টুরেন্টে এ আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্কয়ার ফার্মা লিমিটেড এর ডিভিশনাল সেলস ম্যানেজার মো. আরিফুল ইসলাম।

এনডিপি'র পরিচালক (সিএসপি) মোসলেম উদ্দিন আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বক্তব্য রাখেন স্কয়ার ফার্মা লিমিটেড এর রিজিওনাল সেলস ম্যানেজার মোমেন মিয়া, এনডিপি'র উপপরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খান, স্কয়ার ফার্মা লিমিটেড এর টেরিটোরি ম্যানেজার মো. আখতারুল ইসলাম ও মেডিকেল সার্ভিস ডিপার্টমেন্টের ডা. মাহবুবুর রহমান। এসময় আরও উপস্থিত ছিলেন এনডিপি'র সহকারী পরিচালক, কে এম শহিদুল ইসলাম, সহকারী পরিচালক মো. সাইফুল ইসলাম, জোনাল ম্যানেজার মো. আমিনুল ইসলাম, মো. ওমর ফারুক, মো. সেরাজুল ইসলাম, মো. জাহাঙ্গীর আলম, এরিয়া ম্যানেজারসহ এনডিপি'র স্বাস্থ্য সহকারী ও স্বাস্থ্য কর্মসূচির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ।

উল্লেখ্য, এনডিপি সংস্থার নিজস্ব অর্থায়নে ২০০৬ সাল থেকে কর্মএলাকার ১৪ টি শাখার মাঠ পর্যায়ে হতদরিদ্র মানুষের মাঝে স্বাস্থ্যসেবা প্রদান করে আসছে। সংস্থার নিজস্ব স্বাস্থ্য সহকারীগণ প্রতিদিন স্বাস্থ্য সচেতনতামূলক সমাবেশ, পারসোনাল হাইজিন সম্পর্কে পরামর্শ, গর্ভবতী মা কিশোরি সমাবেশ, রোগীদের ফ্রি ব্যবস্থাপত্র প্রদান, এমবিবিএস ডাক্তার এর পরামর্শে ফ্রি স্বাস্থ্য ক্যাম্প পরিচালনা, রক্তের গ্রুপ নির্ণয়সহ বিভিন্ন স্বাস্থ্য সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে আসছে।

## এসইপি (তাঁত) প্রকল্পের দিন ব্যাপী কর্মশালা

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)'র উপ-প্রকল্প "সিরাজগঞ্জ জেলার তাঁত উদ্যোগে পরিবেশগত সমস্যাসমূহ বিবেচনায় রেখে গুণগত মানসম্পন্ন ঐতিহ্যবাহী বাঙ্গালী পোষাকের উৎপাদন বৃদ্ধি প্রকল্প" এর আওতায় তাঁত সংশ্লিষ্ট উদ্যোক্তাদের দর কষাকষির সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত কর্মশালার আয়োজন করা হয়।

২১ আগস্ট এনডিপি'র প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত কর্মশালার লক্ষ্য ও উদ্দেশ্য পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন প্রকল্প ব্যবস্থাপক মোঃ আশরাফুজ্জামান। এসময় তিনি বর্তমান বাজার ব্যবস্থার উপর একটি বাস্তব ফলাফল তুলে ধরেন এবং সমন্বিত উপায়ে তাঁত উদ্যোগের প্রয়োজনীয় কাঁচামাল সংগ্রহ ও মজুদের উপর গুরুত্ব আরোপ করেন এবং বিদ্যমান সিন্ডিকেট ভেঙ্গে দেওয়ার জন্য সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান।

কাঁচা মালের বর্তমান মূল্য ও ক্রয়ের ক্ষেত্রে বিদ্যমান সমস্যা, উৎপাদিত পণ্য বিপণন ও বাজারজাতকরণে সমস্যাসমূহ, প্রচলিত পণ্যের পরিবর্তে বৈচিত্রময় পণ্য উৎপাদনের ক্ষেত্রে বিদ্যমান চ্যালেঞ্জসমূহ এবং ই-বসনে সম্পৃক্ত হওয়ার ক্ষেত্রে চ্যালেঞ্জসমূহ আলোচনা করেন প্রকল্পের টেকনিক্যাল অফিসার মোঃ সাখাওয়াত হোসেন। অনুষ্ঠানে বাগবাড়ী, কাটাখালী, সয়দাবাদ, ফুলকোচা, বাগবাটি, তামাই, বেলকুচি, দৌলতপুর শাখার আওতায় বিভিন্ন এলাকার ২৯ জন তাঁত সংশ্লিষ্ট উদ্যোক্তাসহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



*ওয়ার্কশপে বক্তব্য দিচ্ছেন কর্মসূচির আওতাভূক্ত উপকারভোগী।*

## লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রামের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ




*প্রশিক্ষণ প্রদান করছেন জেলা ট্রেনিং অফিসার (সিরাজগঞ্জ) ডাঃ হাবিবুর রহমান।*

Swiss Agency for Development and Cooperation (SDC)- এর অর্থায়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রাম বাস্তবায়িত হচ্ছে। সিরাজগঞ্জ, নাটোর ও পাবনার জেলার ১১টি উপজেলায় প্রকল্প বাস্তবায়ন করছে বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির ২৯টি শাখার খামারীদের প্রশিক্ষণ প্রদান, ভ্যাক্সিনেশন ক্যাম্প এর মাধ্যমে সেবা প্রদান, গবাদী প্রাণি সুরক্ষা সেবা গঠনসহ বিভিন্ন সেবামূলক কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। মূলত করোনাকালীন সময়ে ক্ষতিগ্রস্ত পরিবারের কৃষিভিত্তিক আয় বৃদ্ধির লক্ষ্যেই বিভিন্ন কার্যক্রমের পাশাপাশি প্রশিক্ষণের মাধ্যমে তাদের দক্ষতা উন্নয়ন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখে সিরাজগঞ্জ সদর উপজেলার শিয়ালকোল শাখার অধীনে খামারীদের একদিনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন জেলা ট্রেনিং অফিসার (সিরাজগঞ্জ) ডাঃ হাবিবুর রহমান। সহযোগী প্রশিক্ষকের ভূমিকা পালন করেন এনডিপি'র লাইভস্টক অফিসার ডাঃ আশরাফুল ইসলাম ও ডাঃ সাজ্জাদ হোসেন। এসময় গরু মোটাতাজাকরণের ক্ষেত্রে গরু নির্বাচন, কোয়ারেন্টাইন, কৃমিনাশকরণ, টিকা প্রদান, বাসস্থান, সুষম খাদ্য ও বাজারজাতকরণের বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## হিউম্যান রাইটস ডিফেন্ডার নেটওয়ার্কিংয়ের ত্রৈমাসিক সভা



বক্তব্য দিচ্ছেন মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যাডভোকেট সাইদুর রহমান।

মানবাধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে এনডিপি প্রতিষ্ঠা লগ্ন থেকেই নিয়মিতভাবে কাজ করে যাচ্ছে। শুরুতে এর আওতা পরিধি সীমিত থাকলেও বর্তমানে মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন এর সাথে যুক্ত হয়ে এর কর্মপরিধি বৃদ্ধি পেয়েছে। গড়ে তুলেছে হিউম্যান রাইটস ডিফেন্ডার নেটওয়ার্ক। এর-ই ধারাবাহিকতায় ১৩ আগষ্ট, ২০২২ সিরাজগঞ্জ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাষ্ট্রির হল রুমে হিউম্যান রাইটস ডিফেন্ডারদের ত্রৈমাসিক সভার আয়োজন করা হয়। সভায় এনডিপি'র নির্বাহী পরিচালক ও মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন সিরাজগঞ্জ জেলা শাখার সভাপতি মো. আলাউদ্দিন খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যাডভোকেট সাইদুর রহমান। এসময় তিনি ফাউন্ডেশন গঠনের উদ্দেশ্য, কর্মএলাকা ও কার্যক্রম তুলে ধরেন এবং সিরাজগঞ্জে নেটওয়ার্কের কার্যক্রমের প্রশংসা করেন।

এনডিপি এর উপপরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের কো অর্ডিনেটর মো. টিপু সুলতান। এছাড়াও সিরাজগঞ্জ জেলার অন্যান্য বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থার প্রতিনিধিবৃন্দ বক্তব্য রাখেন। সভায় শারীরিক ও মানসিক নির্যাতন, ধর্ষণ মামলা, ইভটিজিং মামলা, ধর্ষন পরবর্তী হত্যার মত ৭টি মানবাধিকার লংঘন জনিত ফ্যাক্টস ফাউন্ডিংস এর অগ্রগতি তুলে ধরা হয়।

## বিডি বীফ ও গোট প্রোগ্রামের অবহিতকরণ সভা

হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর আর্থিক ও কারিগরী সহযোগিতায় "BD Beef and Goat Value Chain Signature Program" (বাংলাদেশে গরু ও ছাগলের নিরাপদ মাংসের ব্র্যান্ড সৃষ্টি করা) কর্মসূচির অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। ০১ জানুয়ারী ২০২২ হতে ৩০ নভেম্বর ২০২৫ সাল পর্যন্ত মাঠ পর্যায়ের কার্যক্রম পরিচালনা করবে বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। প্রকল্পটি সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ ও উল্লাপাড়া উপজেলায় এবং নাটোর জেলার লালপুর উপজেলায় সমবায় সমিতিতে বাস্তবায়িত হবে। প্রকল্পটি গরু ও ছাগলের নিরাপদ এবং স্বাস্থ্য সম্মতভাবে মাংশের ব্র্যান্ড উন্নতিকরনের মাধ্যমে ২০২৫ সালের মধ্যে প্রকল্পভুক্ত ১৪,৫০০ জন ক্ষুদ্র খামারীদের প্রয়োজনীয় আয় নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিতভাবে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করবে। এলক্ষ্যে ২৪ আগস্ট ২০২২ সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলা পরিষদ সভা কক্ষে প্রকল্পের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন রায়গঞ্জ উপজেলা নির্বাহী অফিসার তৃপ্তি কনা মন্ডল। উপস্থিত সকলকে প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য এবং কার্যক্রম সম্পর্কে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে বিস্তারিত উপস্থাপন করেন প্রকল্পের সমন্বয়কারী আবু আনেশ ইউসুফ। এসময় দাতা সংস্থা হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর সিনিয়র ম্যানেজার (এনিম্যাল ওয়েলবিং) ডাঃ মাজেদুর রহমান প্রকল্প সম্পর্কিত বিভিন্ন তথ্য উপস্থিত সকলকে অবহিত করেন। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রায়গঞ্জ উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান নিস্কৃতি দাস। এছাড়াও ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দ, উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কর্মকর্তাসহ যুব উন্নয়ন কর্মকর্তা ও বিভিন্ন এনজিও প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।



সভায় উপস্থিত আছেন রায়গঞ্জ উপজেলা নির্বাহী অফিসার তৃপ্তি কনা মন্ডল।

## ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্পের SDT প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন




দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানের অংশ বিশেষ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মস্থান মন্ত্রণালয় এর অর্থায়নে পরিচালিত ঝুঁকি পূর্ণ শিশু শ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্পটির কার্যক্রম নিয়মিতভাবে বাস্তবায়িত হচ্ছে। ঝুঁকিবিহীন কাজ করার যোগ্যতা অর্জন করার লক্ষ্যে বাংলাদেশ সরকার প্রকল্পটি গ্রহণ করেছেন যা মাঠ পর্যায়ে বাস্তবায়ন করছে দেশের বেসরকারী উন্নয়ন খাতের ১১১টি স্বেচ্ছাসেবী সংস্থা। সে অনুযায়ী এনডিপি রাজশাহী বিভাগের সিটি কর্পোরেশন এলাকার ১৭;১৮;১৯ ও ২০ নং ওয়ার্ডে কার্যক্রম পরিচালনা করছে। প্রকল্পের ধারাবাহিকতা অনুযায়ী আওতাভূক্ত শিশুদের ৪মাস মেয়াদে ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে SDT ট্রেনিং প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করা হয়। ০৪ আগস্ট ২০২২ প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করেন প্রকল্প সুপারভাইজার ধর্মনারায়ণ রায়। এর আগে ০১ আগস্ট ২০২২ তারিখে রাজশাহী বিভাগীয় কলকারখানা অধিদপ্তরের শ্রম পরিদর্শক জাহিদুল ইসলাম এর নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণের কেন্দ্রের কার্যক্রম শুরু করা হয়। উল্লেখ্য ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের পূর্বে ৪টি ওয়ার্ডের মোট ৮৯৩ জন শিশুকে ৬ মাস মেয়াদে উপানুষ্ঠানিক শিক্ষা প্রদান করা হয়।

## জুলাই-সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু বা শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ১. | মা ও শিশু সহায়তা কর্মসূচি | ডাব্লিউএফপি | বাংলাদেশের ৮টি বিভাগের ৮টি উপজেলা | ২০ জুলাই ২০২২ থেকে ১৯ জুলাই ২০২৩ | উদ্ভাবনী প্রচারাভিযান কৌশলের মাধ্যমে সচেতনতা সৃষ্টি করে স্ব-নিবন্ধন প্রক্রিয়া জোরদার করা, যোগ্য গর্ভবতী মহিলাদের সনাক্তকরণ এবং তালিকাভুক্তি নিশ্চিত করা, কার্যকরী মাসিক পেমেন্ট সিস্টেম নিশ্চিত করা, তাদের পুষ্টি চাহিদা পূরণের জন্য ভাতা ব্যবহার নিশ্চিত করা, খাদ্য, পুষ্টি ও স্বাস্থ্যবিধি বিষয়ে প্রকল্প অংশগ্রহণকারীদের মধ্যে সচেতনতা সৃষ্টি ও প্রচার করা, নিরাপদ মাতৃত্ব এবং প্রসবের জন্য মাতৃস্বাস্থ্য সম্পর্কিত পরিষেবাগুলিতে অ্যাক্সেস বৃদ্ধি করা এবং প্রোগ্রামের অভিযোজন এবং উন্নতির পক্ষে সমর্থন করার জন্য স্কেল আপ এবং প্রয়োজনীয় তথ্য তৈরি করতে শেখার কেন্দ্রগুলি থেকে প্রমাণ তৈরি করা। |
| ২. | Bangladesh Rural water, Sanitation and Hygiene for Human Capital Development Project | বিশ্ব ব্যাংক | কুড়িগ্রাম ও গাইবান্ধা | ০১ জুলাই, ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ | গ্রামীণ বাংলাদেশের নির্বাচিত এলাকায় 'নিরাপদভাবে পরিচালিত' জল সরবরাহ এবং স্যানিটেশন অ্যাক্সেস উন্নত করা। একইসাথে পানি ও স্যানিটেশনের জন্য খাতের প্রাতিষ্ঠানিক ক্ষমতা জোরদার করা। |
| ৩. | Enhance Resilience towards COVID and Consequences | ক্লাইমেট ব্রিডজ্ ফান্ড (সিবিএফ) | সিরাজগঞ্জ পৌরসভা | ০১ সেপ্টেম্বর ২০২২ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২৪ | সিরাজগঞ্জ পৌরসভার ৩৩ টি স্লামে বসবাসকারী জনগোষ্টির জন্য কোভিড-১৯ থেকে সুরক্ষা জোরদার করা । একইসাথে ক্ষতিগ্রস্থ পরিবারের আয়ের পথ পুন:প্রতিষ্ঠা করার সুযোগ তৈরি করা এবং সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা থেকে বঞ্চিত হওয়ার ঝুঁকি হ্রাস করা। |
| ৪. | Recovery and Advancement of Informal Sector Employment (RAISE) | বিশ্ব ব্যাংক এবং পিকেএসএফ | সিরাজগঞ্জ, পাবনা, নাটোর ও বগুড়া জেলার আওতাধীন ঋণ সহায়তা কর্মসূচির ব্রাঞ্চ সমূহ | ০১ জুলাই, ২০২২ থেকে ৩০ জুন, ২০২৩ | বিদ্যমান সংস্থাগুলির করোনা প্রভাবিত ক্ষতি পুনরুদ্ধার করতে প্রশিক্ষণ এবং আর্থিক পরিষেবার অন্তর্ভুক্তির মাধ্যমে নতুন যুব উদ্যোক্তা তৈরি করা এবং বিদ্যমান যুব উদ্যোক্তাদের বিকাশ করা; এবং কর্মসংস্থান সৃষ্টি এবং সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তাদের টেকসই আয় বৃদ্ধি করা। |
| ৫. | Advocacy & Social Accountability (ASA) Project | এনডিপি ও গণসাক্ষরতা অভিযান | সিরাজগঞ্জ সদর ও রায়গঞ্জ উপজেলা | ০১ আগস্ট ২০২২ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ | শিক্ষার মান বৃদ্ধি করার লক্ষ্যে ও ছাত্র/ ছাত্রী বিদ্যালয় থেকে ঝরে পড়া রোধ কল্পে বিভিন্ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা। |
| ৬. | সৌহার্দ্য-৩ কর্মসূচি | কেয়ার বাংলাদেশ | সিরাজগঞ্জ জেলার বেলকুচি, চৌহালী ও শাহজাদপুর উপজেলা | ০১ জানুয়ারি ২০১৬ থেকে ৩১আগস্ট ২০২২ | জেন্ডার সমতা ভিত্তিক খাদ্য নিরাপত্তা, পুষ্টি উন্নয়ন এবং দুস্থ মানুষের সক্ষমতা তৈরি করা। |
| ৭. | মৌসুমী বন্যায় আগাম সাড়াদান প্রকল্প-২০২২ | ডাব্লিউএফপি | সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর, রায়গঞ্জ, কাজিপুর, শাহজাদপুর, চৌহালী ও বেলকুচি উপজেলা | ২২ মে ২০২২ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২২ | যথাসময়ে কার্যকর ও মর্যাদাপূর্ণ মানবিক সাড়া প্রদানের মাধ্যমে বন্যাদূর্গত পরিবারসমূহের মৌসুমী বন্যা মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধি করা। |

## নবাগত পুলিশ সুপারকে নির্বাহী পরিচালকের শুভেচ্ছা

সিরাজগঞ্জে নবাগত পুলিশ সুপার মোঃ আরিফুর রহমান মন্ডল, বিপিএম (বার), পিপিএম (বার) কে ফুলেল শুভেচ্ছা জানান জাতীয় পর্যায়ের বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। ০৭ সেপ্টেম্বর, বুধবার সকালে জেলা পুলিশ সুপার কার্যালয়ে তাঁকে এ শুভেচ্ছা জানান এবং কুশল বিনিময় করেন। এসময় পুলিশ সুপার মহোদয় দেশের সার্বিক উন্নয়নে বেসরকারী উন্নয়ন সংস্থাগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে মন্তব্য করেন। একইসাথে খুব শীগ্রই জেলায় কর্মরত সকল স্বেচ্ছাসেবী সংস্থাগুলোকে নিয়ে আলোচনা করবেন বলে তিনি জানান। এসময় এনডিপি'র পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ ও উপ-পরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খানসহ জেলা পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



*নবাগত পুলিশ সুপার মোঃ আরিফুর রহমান মন্ডল, বিপিএম (বার), পিপিএম (বার) কে ফুলেল শুভেচ্ছা জানান সংস্থার নির্বাহী পরিচালক, পরিচালক ও উপ-পরিচালক*

## আত্মরক্ষামূলক প্রশিক্ষণ গ্রহণকারীদের পদক অর্জন



*বিজয়ীদের অর্জিত পদক পরিয়ে দিচ্ছেন সংস্থার নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান।*

''নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ করে তাদের অধিকার নিশ্চিত করা ও নির্যাতনের শিকার নারীদের আইনী সহায়তা প্রদান করা'' এই লক্ষ্যকে সামনে রেখে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর স্ব-অর্থায়নে পরিচালিত জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচিটি সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলায় বাস্তবায়ন করছে। কর্মসূচির কার্যক্রমের অংশ হিসেবে প্রতি বছর কামারখন্দ উপজেলার বিভিন্ন এলাকার ২০জন ছেলে মেয়েকে আত্মরক্ষার জন্য আত্মরক্ষামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ গ্রহণ পরবর্তীতে প্রশিক্ষণপ্রাপ্তরা জাতীয় পর্যায়ে বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন এবং পদকপ্রাপ্ত হন।

পদকপ্রাপ্তদের পদক পরিয়ে দেন সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। পদক প্রদান অনুষ্ঠানে তিনি প্রশিক্ষককে আন্তরিকতার সাথে কাজ করার জন্য ধন্যবাদ জানান। এবং কার্যক্রমকে আরো তরান্বিত করার জন্য সকলকে উৎসাহ প্রদান করেন এবং তাদের সফলতা কামনা করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন এনডিপি সিনিয়র প্রোগ্রাম অফিসার মো. ফজল করিম, সহকারী ব্যবস্থাপক (আরএন্ডডি) মো. জানাফার ইসলাম, প্রশিক্ষক নিশি আকতার প্রমুখ।

## জাতীয় শোক দিবসে ফ্রি স্বাস্থ্য ক্যাম্প

জতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদৎ বার্ষিকীতে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ছাত্র ছাত্রীদের ব্লাড গ্রুপিং ও স্বাস্থ্য ক্যাম্পের আয়োজন করা হয়। এনডিপি বাস্তবায়িত ঋণ সহায়তা কর্মসূচির দৌলতপুর শাখার উদ্যোগে ক্যাম্পের মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। ২৩শে আগষ্ট সিরাজগঞ্জ বেলকুচি থানার ১২নং শাহপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সেবা প্রদান করেন স্বাস্থ্যসেবা কর্মসূচির সহকারী মোছাঃ রহিমা খাতুন। ফ্রি ক্যাম্পের মাধ্যমে ১৭৫ জনের ব্লাড গ্রুপ নির্ণয় ও ৬৮জনকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। এসময় দৌলতপুর শাখা ব্যবস্থাপক মোঃ জব্বার আলী, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছাঃ রুনা পারভীনসহ সকল শিক্ষক শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।



*জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ব্লাড গ্রুপিং ও ফ্রি স্বাস্থ্য ক্যাম্প।*

## এসইপি-ডেইরী প্রকল্পের গবাদী প্রাণির টিকাদান কর্মসূচী




*ভ্যাক্সিনেশন ক্যাম্পের অংশ বিশেষ*

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন এর অর্থায়নে সাস্টেনেইবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি-ডেইরী) এর আওতায় "বাংলাদেশের যমুনা নদী বাহিত উত্তরাঞ্চলের ডেইরী বিজনেজ ক্লাস্টারকে নিরাপদ দুগ্ধ ও দুগ্ধজাতপণ্য উৎপাদনের জন্য পরিবেশ উন্নয়নের অনুশীলন প্রচার করা" প্রকল্পটি ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) সিরাজগঞ্জ জেলার ২টি উপজেলার ৭টি ইউনিয়নের ৪৫টি গ্রামের ৭৫০ উপকারভোগীকে নিয়ে বাস্তবায়ন করে চলেছে। পরিবেশবান্ধব আধুনিক প্রযুক্তি গ্রহনের মাধ্যমে প্রতিযোগিতামূলক ডেইরী উদ্যোক্তাদের শক্তিশালী করা এবং উচ্চ মূল্যের বাজারে প্রবেশের সহযোগিতা করাই যার অন্যতম মূখ্য উদ্দেশ্য। এছাড়া গাভীর মৃত্যুহার হ্রাস করে, দুধ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে উদ্যোক্তাদের আয় বৃদ্ধি করার লক্ষ্যে নিয়মিতভাবে কার্যক্রম বাস্তবায়ন করছে। প্রকল্পের বিভিন্ন কার্যক্রমের পাশাপাশি ১২ সেপ্টেম্বর, কর্ম-এলাকার শাহজাদপুর উপজেলার গাড়াদহ ইউনিয়নের পুরান টেপড়ি গ্রামে ৩০০ গবাদী প্রাণিকে ক্ষুরারোগের টিকা প্রদান করা হয়। এরপূর্বে টিকাদান কর্মসূচি সফল করার উদ্দেশ্যে মাইকিং এর মাধ্যমে সকলকে অবগত করা হয়। এলাকার রীতি অনুযায়ী এবং বন্যাজনিত ও জায়গার স্বল্পতার কারণে ফার্মে গিয়ে ভ্যাকসিন প্রদান করা হয়। এতে সার্বিক সহযোগিতা করেন উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়। এসময় প্রকল্পের লাইভস্টক অফিসার ডাঃ মোঃ তৌফিকুল হক ও টেকনিক্যাল অফিসার ডাঃ মোঃ মুকতাদির করিম খান উপস্থিত ছিলেন।

এনডিপি বার্তা
জুলাই-সেপ্টেম্বর, ২০২২ । সংখ্যা ৩৩ । বর্ষ ১৪

# মৌসুমী বন্যায় আগাম সাড়াদান প্রকল্প-২০২২ এর মহড়া ও বন্যা প্রস্তুতি

United Nation CERF এর অর্থায়নে এবং World Food Programme (WFP) এর সহযোগিতায় মৌসুমী বন্যায় আগাম সাড়াদান প্রকল্প-২০২২ এর অধীনে বিভিন্ন কার্যক্রমের পাশাপাশি বন্যা প্রস্তুতি ও সাড়াদান মহড়ার ডেমোস্ট্রেশনের আয়োজন করা হয়। বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর তত্ত্বাবধানে সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর, কাজিপুর, বেলকুচি, রায়গঞ্জ ও চৌহালী উপজেলায় প্রকল্পটি বাস্তবায়ন করা হয়। প্রকল্পের মাধ্যমে দাতা সংস্থার নির্দেশনা অনুযায়ী আওতাভূক্ত উপকারভোগীদের তথ্য হালনাগাদ করার পাশাপাশি বন্যায় আগাম আর্থিক সহায়তার প্রস্তুতি গ্রহণ করা হয়। এর-ই ধারাবাহিকতায় সিরাজগঞ্জ সদর উপজেলার খোকশাবাড়ী ইউনিয়ন দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির উদ্যোগে বন্যা প্রস্তুতি ও সাড়াদান মহড়ার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ইউনিয়ন দূর্যোগ কমিটির সভাপতি রাশিদুল হাসান রশিদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ-২ (সদর ও কামারখন্দ) আসনের মাননীয় সংসদ সদস্য জনাব ডাঃ হাবিবে মিল্লাত, এমপি। এসময় বার্তা প্রচার, ফ্লাড মার্কার, কৃষক সমাবেশ, ছাত্র সমাবেশ, মসজিদে ও বাজারে বার্তা প্রচার, বন্যায় শুকনো খাবারসহ প্রয়োজনীয় জিনিসপত্র এর জোগান, যাতায়াত এর জন্য ভেলা তৈরি ও এফজিডি সম্পর্কিত আলোচনা, আশ্রয় কেন্দ্রে স্থানান্তরের আহবান, আশ্রয় কেন্দ্রে উপস্থিতির পরবর্তীতে নিবন্ধন করা, গরু-ছাগলের ভ্যাক্সিনেশন ও চিকিৎসা প্রদানসহ ৬টি বুথ পরিদর্শনের পাশাপাশি বন্যায় ক্ষতিগ্রস্থ মানুষের সাথে মতবিনিময় করেন। পরিদর্শন পরিবর্তীতে প্রধান অতিথি মহোদয়, এধরণের কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের জন্য বাস্তবায়নকারী সংস্থা এনডিপি ও দাতা সংস্থা ডাব্লিউএফপিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। একইসাথে বলেন,




*বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ-২ (সদর ও কামারখন্দ) আসনের মাননীয় সংসদ সদস্য জনাব ডাঃ হাবিবে মিল্লাত, এমপি।*

''বন্যাকবলিত এলাকাবাসী বন্যার পূর্বাভাস সম্পর্কে যে প্রশিক্ষণ গ্রহণ করেছে এবং যারা প্রশিক্ষণ প্রদানে নিরলসভাবে পরিশ্রম করেছেন তা সত্যি প্রশংসার দাবিদার। এটি আমাদের জন্য শিক্ষা যা বন্যা কালিন সময়ে কাজে লাগিয়ে জান মাল রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এসময় ইউনিয়ন দূর্যোগ কমিটির সদস্যবৃন্দ নিজ নিজ মতামত উপস্থাপন করেন।''

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান রিয়াজ উদ্দিন আহমেদ, জেলা ত্রান ও পূর্বাসন কর্মকর্তা মোঃ আক্তারুজ্জামান ও এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান। এছাড়াও অনুষ্ঠানে দাতা সংস্থার প্রতিনিধি, প্রকল্পের কর্মকর্তাবৃন্দ, সরকারী কর্মকর্তাবৃন্দ, গণমাধ্যম কর্মকর্তাবৃন্দসহ স্থানীয় বিভিন্ন শ্রেণি পেশার মানুষ উপস্থিত ছিলেন।


## কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা

## ডরমেটরী

| | | | |
|---|---|---|---|
| সাধারণ নন এসি কক্ষ | : | ৬০০.০০ | টাকা (ডাবল বেড) |
| এসি (ভিআইপি) কক্ষ | : | ১,০০০.০০ | টাকা (ডাবল বেড) |
| ডিলাক্স (এসি) কক্ষ | : | ১,৫০০.০০ | টাকা (ডাবল বেড) |
| লাক্সারি (এসি) কক্ষ | : | ১,২০০.০০ | টাকা (সিঙ্গেল বেড) |

## খাবারের মূল্য তালিকা

| | |
|---|---|
| সকালের নাস্তা | : ৭০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : (১৭০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা) |
| চা | : ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : ২০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : ৪৫ টাকা (২৫০ মিলি ক্যান)/ ২০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : ৪০ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার: | ১৫ টাকা (৫০০ মিলি বোতল) |

## বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

## অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে।
আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

## ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।


## যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)
এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৯৬৩৯১০০৬০০, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬, ফ্যাক্স: +৮৮-০৭৫১-৬৩৮৭৭
ই-মেইল: akhan_ndp@yahoo.com, ওয়েবসাইট : www.ndpbd.org